গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের 'নৈতিকতা কমিটি'র ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ খায়রুল আলম সেখ<br>সচিব |
| সভার তারিখ | : | ২৬ অক্টোবর ২০২২ |
| সভার সময় | : | বেলা ১১.৩০ টা |
| স্থান | : | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২.০ আলোচনা

২.১ ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রণালয় হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংশোধনের প্রস্তাব ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সভায় অবহিত করা হয় যে, গত ২৬ অক্টোবর ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয় এবং উক্ত কর্মশালায় কর্মপরিকল্পনায় দুর্নীতি প্রতিরোধে সহায়ক ০৩ নং কার্যক্রমসমূহের উপর কিছু সংশোধন করে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ফিডব্যাক কর্মশালার উক্ত নির্দেশনার আলোকে সংশোধনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৩ সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং একইভাবে ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

২.৪ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক ৩১-১০-২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.১ প্রতি কোয়ার্টারের প্রথম মাসে নৈতিকতা কমিটির সভা আয়োজন রাখতে হবে;

৩.২ ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

৩.৩ ২য় কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে;

৩.৪ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক ৩১-১০-২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

অপর পৃষ্ঠায় :

৩.৫ মন্ত্রিপরিষদ বিভাগে ২৬/১০/২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক কর্মশালার নির্দেশনা/পরামর্শে মোতাবেক জাতীয় কৌশল কর্মপরিকল্পনা সংশোধন করতে হবে এবং

৩.৬ সকল দপ্তর/সংস্থার সেবাবক্স হালনাগাদ করতে হবে এবং স্ব স্ব অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে নির্ধারিত সময়ে আপলোড করতে হবে।

০৪। অত:পর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০-১০-২০২৩
মোঃ খায়রুল আলম সেখ
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৬.২৩-১৫০

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ নভেম্বর ২০২৩

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
২. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৪. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।

৩০/১০/২৩
(মুহাম্মদ মিজানুর রহমান মিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৯৩
E-mail: performance@msw.gov.bd